আয় আয়  আয় আমাদের অঙ্গনে  অতিথি বালক তরুদল—
মানবের স্নেহসঙ্গ নে,  চল্ আমাদের ঘরে চল্ ॥
শ্যাম বঙ্কিম ভঙ্গিতে  চঞ্চল কলসঙ্গীতে
দ্বারে নিয়ে আয় শাখায় শাখায়  প্রাণ-আনন্দ-কোলাহল ॥
তোদের নবীন পল্লবে  নাচুক আলোক সবিতার,
দে পবনে বনবল্লভে  মর্মরগীত-উপহার ।
আজি শ্রাবণের বর্ষণে  আশীর্বাদের স্পর্শ নে,
পড়ুক মাথায়  পাতায় পাতায়  অমরাবতীর ধারাজল ॥

---

Parjaay: Anushthanik, Taal: Dadra, Raag: Khambaj
Visit www.geetabitan.com for notation and other detail